# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 07-08-2025** **Time: 7.50 PM.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) নির্বাচন কমিশনের নির্দেশ মেনেই রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচীর প্রস্তুতি চলছে।

২) এসআইআর-এর নামে এরাজ্যের মানুষদের ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার চেষ্টা চলছে বলে  মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন।

বিজেপি রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, ভোটার তালিকা নিয়ে মুখ্যমন্ত্রীর অভিযোগ খারিজ করে বলেন, এস আই আর বলবৎ হলে, ত্রুটিমুক্ত ভোটার তালিকা তৈরি করা সম্ভব হবে।

৩) প্রধানমন্ত্রী কিষাণ সম্পদ যোজনায় ২০১৯ থেকে চলতি বছর জুন পর্যন্ত পশ্চিমবঙ্গে ২৭-টি প্রকল্প অনুমোদিত হয়েছে।

৪) সুপ্রিম কোর্টে রাজ্য সরকারী কর্মীদের মহার্ঘ্য ভাতা সংক্রান্ত মামলায় আজ কোন মীমাংসা হয়নি। আগামী মঙ্গল অথবা বুধবার ফের শুনানি।

৫) ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স বোর্ডকে ১৫ দিনের মধ্যে নতুন মেধা তালিকা তৈরির নির্দেশ কলকাতা হাইকোর্টের।

৬) দেশে আজ একাদশ জাতীয় তাঁত দিবস উদযাপিত হচ্ছে।

oooooooooooooooooooooo

নির্বাচন কমিশনের নির্দেশ মেনেই রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচীর প্রস্তুতি চলছে। এই সংশোধনী প্রক্রিয়ার জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সম্পূর্ণ প্রস্তুত বলে আজ নির্বাচন কমিশনকে পাঠানো এক রিপোর্টে জানানো হয়েছে। কোনও বুথেই এবার থেকে ১২০০-র বেশি ভোটার রাখা যাবে না বলে কমিশন নির্দেশ দিয়েছিল। সেইমতো রাজ্যে বুথের সংখ্যা ৮০ হাজার থেকে বাড়িতে ৯৪ হাজারের কিছু বেশি করা হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। নতুন বুথগুলির তালিকা ইতিমধ্যেই সমস্ত স্বীকৃত রাজনৈতিক দলের কাছে পাঠানো হয়েছে। আগামী দশ দিনের মধ্যেই বর্ধিত এই বুথ সংখ্যা নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে বিশেষ বৈঠক ডাকা হয়েছে। সেই বৈঠকের ভিত্তিতে তৈরি রিপোর্ট পর্যালোচনা করেই কমিশন এব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বলেও জানা গেছে।

এদিকে, এস আই আর নিয়ে বিতর্কের মধ্যেই নির্বাচন কমিশন রাজ্যের তেইশটি জেলার ২৯৪টি বিধানসভা কেন্দ্রের মধ্যে ২০টি জেলার বিধানসভা কেন্দ্রের ২০০২ সালের ভোটার তালিকা প্রকাশ করেছে। আলিপুরদুয়ার, ঝাড়গ্রাম, উত্তর চব্বিশ পরগনা জেলার তালিকা এখনও প্রকাশ করা হয়নি।

ooooooooooooooooooooo

আদিবাসী কল্যাণে রাজ্য সরকার অনেক কাজ করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। আজ ঝাড়গ্রামে আদিবাসী দিবসের এক অনুষ্ঠানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ঝাড়গ্রামের অধিবাসীদের কল্যাণে রাজ্য সরকার নানা প্রকল্প এনেছে। বিনপুর বেলপাহাড়িতে নতুন রাস্তা তৈরি হয়েছে। অলচিকি লিপি ও সাঁওতালি ভাষার উন্নয়নে রাজ্য সরকার নানা কাজ করেছে বলে দাবি করেন তিনি। এক সময় জঙ্গলমহল মাওবাদী কার্যকলাপে উত্তাল থাকলেও ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে তাঁর সরকার নানা রকম প্রকল্প নিয়ে এসেছে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেন।

এসআইআর-এর নামে এরাজ্যের মানুষদের ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার চেষ্টা চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেন। বাংলা ভাষাকে লাগাতার অপমান করা হচ্ছে বলেও মন্তব্য করেছেন তিনি।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এদিকে, রাজ্য বিজেপি সভাপতি শমিক ভট্টাচার্য, ভোটার তালিকা নিয়ে মুখ্যমন্ত্রীর অভিযোগ খারিজ করে দিয়েছেন। সাংবাদিকদের আজ তিনি বলেন, এস আই আর বলবৎ হলে, ত্রুটি মুক্ত ভোটার তালিকা তৈরি করা সম্ভব হবে। রাজ্যের মানুষও ভয়মুক্ত পরিবেশে ভোট দিতে পারবেন।

(বাইট – শমিক)

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী কিষাণ সম্পদ যোজনার অধীনে ২০১৯ সাল থেকে চলতি বছরের জুন মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ২৭-টি প্রকল্প অনুমোদিত হয়েছে বলে সরকার জানিয়েছে। লোকসভায় রাজ্যের বিজেপি সাংসদ রাজু বিস্তার এক প্রশ্নের উত্তরে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প দফতরের প্রতিমন্ত্রী রভনীত সিং জানান, অনুমোদিত প্রকল্পের অর্থমূল্য ১১০ কোটি ৫৪ লক্ষ টাকার বেশি। এই একই সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রকল্পে ৪২-টি কর্মসূচীর সফল রূপায়ণ হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজনৈতিক কারণেই রাজ্যে হাইকোর্টের নির্দেশের পরেও ১০০ দিনের কাজ শুরু করা যাচ্ছে না বলে সমবায় , পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী প্রদীপ মজুমদার দাবি করেছেন। গুজরাট, মহারাষ্ট্র সহ দেশের বহু রাজ্যে ১০০ দিনের কাজ নিয়ে দুর্নীতির অভিযোগ থাকলেও সেই সব জায়গায় এখনও ১০০ দিনের কাজের টাকা বন্ধ হয়নি বলে তিনি উল্লেখ করেন। চলতি মাসের শেষে হাইকোর্টের পরবর্তী শুনানিতে কি বলা হয় তার ওপরই রাজ্যে সরকারের পদক্ষেপ নির্ভর করছে বলে তিনি জানান।

উল্লেখ্য, পয়লা আগস্ট থেকে রাজ্যে মহাত্মা গান্ধী রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিম ( ১০০দিনের কাজ) চালু করতে নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী যে পি নাড্ডা, আজ পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওপর তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকদের কথিত হামলার ঘটনার নিন্দা করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী নাড্ডা, এই হামলাকে গণতন্ত্রের ওপর আক্রমণ বলে উল্লেখ করেন। তিনি বলেন, রাজ্য পুলিশের উপস্থিতিতে হওয়া এই হামলা প্রমান করে দেয় মমতা ব্যানার্জীর শাসনকালে

রাজ্যে আইনশৃঙ্খলা ব্যবস্থা ভেঙে পড়েছে। এ ধরণের রাজনৈতিক হিংসার দায় মুখ্যমন্ত্রীকেই নিতে হবে বলে বিজেপির সর্বভারতীয় সভাপতি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মমতা ব্যানার্জি সরকার কে সরানোর পরেই কন্যা সুরক্ষা যাত্রা শেষ হবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আরজিকর,কসবা ল কলেজ সহ প্রতিটি জেলায় মহিলাদের নির্যাতনের প্রতিবাদে শ্রী অধিকারী আজ সন্ধ্যায় গড়িয়া মোড় থেকে রানিকুঠি পর্যন্ত কন্যা সুরক্ষা যাত্রা মিছিলে অংশ নেন। পরে এক পথ সভায় তিনি অভিযোগ করেন,মমতা ব্যানার্জির ১৪ বছরের রাজত্বে এই বাংলায় ছোট শিশু কন্যা থেকে প্রবীনা কেউ সুরক্ষিত নয়। উত্তর প্রদেশ,আসামে নারী সুরক্ষা বিঘ্নিত হলে কঠোর শাস্তি দেওয়া হয়। তবে এরাজ্যে তা হয় না। তার কারণ তাদের মাথার উপর মমতা ব্যানার্জির হাত রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নতুন প্রজন্মের মনে জাতীয় পতাকার প্রতি শ্রদ্ধা আর ভালবাসা জাগিয়ে তুলতে জুট কর্পোরেশন অব ইন্ডিয়া লিমিটেডের কলকাতা আঞ্চলিক ডিপোর উদ্যোগে 'হর ঘর তিরঙ্গা' অভিযানের আওতায় আজ বিশেষ কর্মসূচির আয়োজন করা হয়েছে।

বেহালার বরিশা হাই স্কুলে ‘তিরঙ্গা আর্ট’ কর্মসূচির আওতায় স্কুলের দেওয়াল, বোর্ডে তেরঙ্গার প্রতীক আঁকা, তিরঙ্গা থিমে রঙোলি বানানোর পাশাপাশি, স্কুলপড়ুয়াদের জন্য তিরঙ্গাভিত্তিক চিত্রাঙ্কন ও প্রবন্ধ প্রতিযোগিতা আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্পটলাইট এ এবারের বিষয় বর্তমান সময়ে ভারতের অর্থনীতি এবং বিশ্ব রাজনীতি। এই নিয়ে অধ্যাপক অনিক চ্যাটার্জীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আজ শুনবেন প্রথম পর্ব। আলোচনাটি শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে। দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামী রবিবার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টে রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘ্যভাতা সংক্রান্ত মামলার শুনানি আজকের মত শেষ হয়েছে। আগামী মঙ্গল অথবা বুধবার ফের শুনানি হবে বলে দুই বিচারপতি সঞ্জয় কারল এবং প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চ জানিয়েছে। এদিন কর্মচারীদের পক্ষে আইনজীবী রাউফ রহিম বলেন, ডিএ দেওয়া রাজ্যের দায়িত্বের মধ্যে পড়ে। রাজ্যের পক্ষে আইনজীবী শ্যাম দেওয়ান, এর বিরোধিতা করে বলেন, রাজ্যের পরিস্থিতি অনুযায়ী কর্মচারীদের মহার্ঘ্য ভাতা দেওয়া যায়। তবে তা বাধ্যতামূলক নয়। পশ্চিমবঙ্গের কর্মচারীরা ডিএ পাননি, এই তথ্য সঠিক নয় বলে উল্লেখ করেন তিনি।

oooooooooooooooooooo

নবান্ন অভিযানের বিরোধিতা করে দায়ের করা মামলার শুনানি শেষে রায়দান স্থগিত রেখেছেন দুই বিচারপতি সুজয় পাল ও স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ। নবান্ন অভিযান নিয়ে হাওড়া মঙ্গলাহাটের ব্যবসায়ী সঞ্জয় কুমার সাউ কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছিলেন। ডিভিশন বেঞ্চ শুনানি শেষে রায়দান স্থগিত রেখেছেন।

ooooooooooooooooooo

ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্টান্স বোর্ডকে ১৫ দিনের মধ্যে নতুন মেধা তালিকা প্রস্তুত করে তারপর ফল প্রকাশের নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। বিচারপতি কৌশিক চন্দ ২১শে মে নির্দেশ দেওয়ার পরও জয়েন্ট এন্ট্রান্স বোর্ড ওবিসি সংরক্ষণের ক্ষেত্রে সেই নির্দেশ পালন করেনি। জয়েন্ট এন্ট্রান্স বোর্ডকে ওবিসিদের জন্য ৭% শতাংশ এবং ৬৬টি সম্প্রদায় যা ২০১০ সালের আগে ওয়েস্ট বেঙ্গল ব্যাকওয়ার্ড কমিশন ঠিক করে দিয়েছিল সেটা ধরে ফের নতুন করে মেধাতালিকা বানাতে হবে বলে নির্দেশ দিয়েছেন বিচারপতি।

তিন সপ্তাহ পরে জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের উচ্চপদস্থ কোন আধিকারিককে হাইকোর্টে হলফনামা দিয়ে নির্দেশ পালন করা হয়েছে কিনা তা জানাতে হবে। তিন সপ্তাহ পরে ফের শুনানি এই মামলার।

oooooooooooooooooooo

রাজ্য সরকার জয়েন্ট এন্ট্রান্সের ফল প্রকাশ করতে পুরোপুরি ব্যর্থ বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। এক্স হ্যান্ডেলে শ্রী মজুমদার জানিয়েছেন, তিন মাস

১১দিন পেরিয়ে গেলেও এখনো কোনো ফলাফল প্রকাশ হয়নি। অন্যান্য রাজ্যে ইতিমধ্যেই ক্লাস শুরু হয়ে গেলেও, বাংলায় শিক্ষার্থীরা উদ্বেগ, হতাশা এবং অনিশ্চয়তার মধ্যে আটকে রয়েছে। তা সত্ত্বেও মুখ্যমন্ত্রী তাদের ভবিষ্যতের বিষয়টি চিন্তা করার পরিবর্তে বাঙালি ইস্যু নিয়ে অসত্য এবং বিভেদমূলক প্রচারে ব্যস্ত। শ্রী মজুমদার অভিযোগ করেন, এই সংকট মমতা ব্যানার্জীর ব্যর্থতা, অবহেলা এবং তোষণের রাজনীতির ফলাফল। বাংলার তরুণ প্রজন্ম আর কতদিন এই উদাসীনতার মূল্য দেবে শ্রী মজুমদার সে বিষয়ে প্রশ্ন তোলেন।

ooooooooooooooooooooo

দেশে আজ একাদশতম জাতীয় তাঁত দিবস উদযাপিত হচ্ছে। এই উপলক্ষে দিল্লিতে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং ২০২৫ সালের সন্ত কবীর হ্যান্ডলুম পুরস্কার এবং জাতীয় হ্যান্ডলুম পুরস্কার প্রদান করেন। মন্ত্রী বলেন, সারা বিশ্বে টেকসই বস্ত্রের চাহিদা বাড়ছে এবং ভারতীয় হ্যান্ডলুম শিল্প সেই চাহিদা পূরণে সক্ষম। তিনি হ্যান্ডলুম পণ্যকে বিশ্বব্যাপী জনপ্রিয় করার আহ্বান জানান। মন্ত্রক দেশের তাঁতিদের ডিজাইন সংরক্ষণের জন্য কাজ করছে।

ooooooooooooooooooo

জাতীয় তাঁত শিল্প দিবসে আজ নদীয়ার ফুলিয়ায় বিজেপির একটি প্রতিনিধি দল তাঁত শিল্পীদের বাড়ি বাড়ি ঘুরে বর্তমান পরিস্থিতি সরজমিনে খতিয়ে দেখেন। তাদের বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত হন। বর্তমান সময়ে তাঁতিদের দুর্দশার কথা তাঁত শিল্পীদের কাছ থেকে ওই প্রতিনিধি দল জানতে চান । সেই সঙ্গে আগামীতে তাঁত শিল্পকে চাঙ্গা করতে কি কি প্রয়োজন তা মনোযোগ সহকারে শোনেন।

প্রতিনিধি দলে ছিলেন বিজেপির রাজ্য মহিলা মোর্চার সভাপতি ফাল্গুনী পাত্র, প্রাক্তন সাংসদ রূপা গাঙ্গুলী, বিজেপির নদীয়া দক্ষিণ সাংগঠনিক জেলার সভানেত্রী অপর্না নন্দী, বিজেপি নেতা সোমনাথ কর প্রমুখ।

পরে আমাদের জেলা সংবাদ দাতা কে একান্ত সাক্ষাৎকারে বিজেপির মহিলা মোর্চার সভানেত্রী ফাল্গুনী পাত্র বলেন , তাত শিল্পের জন্য সরকারি অনুদান সরাসরি শিল্পীদের একাউন্টে দেওয়ার দাবি জানিয়েছেন।

(বাইট – ফাল্গুনী পাত্র)

তাঁত শিল্পী স্বপন বসাক জানিয়েছেন সরকার এই শিল্পের দিক নজর দিক।

০০০০০০০০০০০০০০০০০০০০

কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ ডুরান্ড কাপ ফুটবলের গ্রুপ লিগ ম্যাচে মহামেডান স্পোর্টিং, বি এস এফের মুখোমুখি হয়েছে। বিরতিতে মহামেডান স্পোর্টিং ৩-০ গোলে এগিয়ে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলার নবজাগরনের অন্যতম পুরোধা অবনীন্দ্রনাথ ঠাকুরের আজ জন্মদিন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাঁর প্রতি শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেছেন। আজ সামাজিক মাধ্যমে এক পোস্টে মুখ্যমন্ত্রী লেখেন, স্বদেশী ঐতিহ্য এবং নিজস্বতার ওপর ভিত্তি করে অবনীন্দ্রনাথ ঠাকুর বেঙ্গল স্কুলের মাধ্যমে ভারতীয় চিত্রকলায় এক নতুন দিগন্ত উন্মোচিত করেছিলেন, যা আজও সমানভাবে প্রসাঙ্গিক। তাঁর ক্ষীরের পুতুল, রাজকাহিনী এবং বুড়ো আংলার মত রচনা যেমন শৈশবের অমূল্য সম্পদ, তেমনই ভারত মাতার ছবি সারা দেশকে অনুপ্রাণিত করেছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০

হিমালয়ের পাদদেশ বিস্তৃত সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং মধ্য বাংলাদেশের ওপর ঘূর্ণাবর্তের কারণে রাজ্যের বেশকিছু জেলায় আগামী ২৪ ঘণ্টায় বিক্ষিপ্ত ভাবে ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় কমলা সতর্কতা জারি করা হয়েছে।

অন্যদিকে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে দক্ষিণবঙ্গের পূর্ব মেদিনীপুর বাঁকুড়া, পূর্ব বর্ধমান এবং দক্ষিণ 24 পরগনা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর ও হাওড়ায় আজ কমলা সতর্কতা এবং উত্তর ২৪ পরগনা, হুগলী ও পশ্চিম মেদিনীপুরে হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

এদিকে, পশ্চিমবঙ্গ ও ওড়িশা উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৩৫ থেকে ৫৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকবে। মৎস্যজীবীদের আগামী ২৪ ঘণ্টায় সাগরে পাড়ি দিতে না করা হয়েছে।